আলমডাঙ্গায় সিমান্ত এক্সপ্রেসের যাত্রা বিরতি! আলমডাঙ্গাবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ

আলমডাঙ্গায় সিমান্ত এক্সপ্রেসের যাত্রা বিরতি। যার মাধ্যমে আলমডাঙ্গাবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ হলো। আলমডাঙ্গা এলাকাবাসীর দাবীর মুখে গত ৯ জুন সীমান্ত এক্সপ্রেস আলমডাঙ্গায় যাত্রা বিরতি হলো।

গত ৯ জুন রাত ১২.১০ মিনিটে সিমান্ত এক্সপ্রেস ট্রেন আলমডাঙ্গায় যাত্রা বিরতি করলে ট্রেনের গ্রার্ড, ড্রাইভর, এটেন্ডদের হাতে ফুলের তোড়া তুলে দেন আলমডাঙ্গা পৌর সভার মেয়র ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি হাসান কাদির গনু।

এসময় আরো উপস্থিত ছিলেন পৌর সভার ১নং- প্যানেল মেয়র খন্দকার মজিবুল হক, ২নং-প্যানেল মেয়র জহুরুল হক স্বপন, সহকারি স্টেশন মাষ্টার নাজমুল হোসেন, সহকারি স্টেশন মাষ্টার তৌহিদুল ইসলাম,বনিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন,সম্পাদক কামাল হোসেন, প্রেসক্লাবের সাধারন সম্পাদক খ, হামিদুল ইসলাম, আলমডাঙ্গা মুক্তমনা কল্যান ফাউন্ডেশনের সাধারন সম্পাদক ডাঃ মোঃ মহসিনুজ্জমান,সাংগাঠনিক সম্পাদক বসিরুল আলম,৩নং প্যানেল মেয়র মনোয়ারা খাতুন, কাউন্সিলর ডালিম হোসেন, এস এম বাবু, জেলা আওয়ামীলীগের সদস্য সিরাজুল ইসলাম, জেলা মৎস জীবীলীগের আহবায়ক শাহাবুল হক,বনিক সমিতির ক্যাসিয়ার ও মুদি ব্যবসায়ি সমিতির সম্পাদক আলাউদ্দিন, কাউন্সিলর সাইফুল ইসলাম,বাপ্পিসহ পৌর সভার কর্মকর্তা, কর্মচারি বৃন্দ ও স্থানীয়রা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আলমডাঙ্গা রেলস্টেশনের অপারেটাল কার্যক্রম বন্ধ হলে আলমডাঙ্গা বাসির ব্যাপক আন্দোলনের মুখে পুনঃরায় অপারেটাল কার্যক্রম চালু সহ অস্থায়ী ভিত্তিতে কয়েকজন লোকবল দিয়ে স্টেশনের কাজ চালু হয়। পরে সিমান্ত এক্সপ্রেস ও বেনাপোল এক্সপ্রেস স্টপেজের দাবিতে আন্দোলন করতে থাকে। এরই এক পর্যায়ে গত ৯ জুন রাত ১২ টা ১০ মিনিটে খুলনা থেকে ছেড়ে আসা সিমান্ত এক্সপ্রেস

আলমডাঙ্গায় যাত্রাবিরতি দেয়।জানা যায়, ভারতের হাওড়া থেকে কুষ্টিয়ার জগতি অবধি উপমহাদেশের প্রথম রেললাইন স্থাপিত হয় ১৮৬২ সালে।

আলমডাঙ্গা রেলস্টেশন দেশে প্রতিষ্ঠিত প্রথম রেলস্টেশনগুলির একটা। তাছাড়া উপমহাদেশের একমাত্র দোতলা স্টেশন। আলমডাঙ্গা উপজেলাসহ আশপাশের মিরপুর, কুষ্টিয়ার ইবি থানা, গাংনী উপজেলা ও হরিণাকুন্ডু উপজেলার মানুষ ঐতিহ্যবাহী আলমডাঙ্গা স্টেশন ব্যবহার করে দেশের বিভিন্ন স্থানে যাতায়াত করেন। জনপ্রিয় আন্তঃনগর সীমান্ত এক্সপ্রেসটির আলমডাঙ্গায় যাত্রা বিরতির দাবি দীর্ঘদিনের। আলমডাঙ্গার মানুষ দীর্ঘ বছর ধরে এ দাবিতে সোচ্চার ছিল। এলাকাবাসির পক্ষ থেকে বিভিন্ন সময় মানববন্ধন ও স্মারকলিপি প্রাদান করা হয়েছে এ দাবির সমর্থনে।

এ দাবি বাস্তবায়নে একাধিবার সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরে যোগাযোগ করা হয়েছে।এরই মধ্যে গত ৭ জুন বাংলাদেশ রেলওয়ের রাজশাহী অফিসের চিফ অপারেটিং সুপারেন্টেন্ডেন্ট (পশ্চিম) আলমডাঙ্গা স্টেশনে আন্তনগর সীমান্ত এক্সপ্রেসের যাত্রা বিরতির ঘোষণা সংক্রান্ত এক বিজ্ঞপ্তি প্রকাশ করে।

রাজশাহী রেলওয়ের (পি) (পশ্চিম)’র সহকারী চিফ অপারেটিং সুপারেন্টেন্ডেন্ট আব্দুল আওয়াল স্বাক্ষরিতে ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যে, ৯ জুন থেকে খুলনা –চিলাহাটি-খুলনা রুটে চলাচলকারি আন্তনগর সীমান্ত এক্সপ্রেস আলমডাঙ্গায় যাত্রা বিরতি প্রদান করা হল। খুলনার উদ্দেশ্যে চিলাহাটি থেকে ছেড়ে আসা ট্রেনটি আলমডাঙ্গায় যাত্রা বিরতি করবে ১টা ৬ মিনিটে।

খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামি সীমান্ত এক্সপ্রেস আলমডাঙ্গা স্টেশনে যাত্রা বিরতি করবে রাত ১২টা ১১ মিনিটে। চিলাহাটি থেকে খুলনা রুটে নতুন করে চলাচলের জন্য লক্কড় ঝক্কড় সীমান্ত এক্সপ্রেসটির কোচগুলি পরিবর্তন করা হয়েছে।এ ট্রেনের সাধারণ কোচগুলি পরিবর্তন করে ইন্দোনেশিয়া থেকে আনা সাদা রঙের কোচ সংযোজন করা হচ্ছে।

১২টি কোচ নিয়ে ওই ট্রেন বহর চলবে এ রুটে। ট্রেন দুটিতে রাত্রিকালীন আসন সংখ্যা ৮৬৫ ও দিনে ৮৯০টি। তার মধ্যে রাতে তাপানুকুল ২৩টি শয়নাসন (বাথ) ও ৮০টি চেয়ার রয়েছে।

চুয়াডাঙ্গায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ভিডিও কনফারেন্সের মাধ্যমে চুয়াডাঙ্গার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইসলামের প্রচার ও প্রসার এবং মসজিদকে জ্ঞান চর্চার কেন্দ্র হিসেবে গড়ে তুলতে প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ করছে সরকার।

এই প্রকল্পের আওতায় প্রথম ধাপে নির্মিত ৫০টি মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একসঙ্গে এতগুলো মসজিদ নির্মাণের ঘটনা বিশ্বে বিরল বলে জানিয়ে জানিয়েছেন প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা।

বৃহস্পতিবার (১০ জুন) গণভবন থেকে ভিডিও কনফারেন্সে একসঙ্গে প্রথম পর্যায়ে নির্মিত এসব মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।শুধু নামাজ আদায় নয়, মসজিদ হবে গবেষণা ইসলামি সংস্কৃতি ও জ্ঞানচর্চা কেন্দ্র। হারিয়ে যাওয়া ইসলামের চিরায়ত এই ঐতিহ্যকে ধারণ করে দৃষ্টিনন্দন এসব মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ করছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার। তারই ধারাবাহিকতায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে চুয়াডাঙ্গার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রথম ধাপে সারাদেশের ৫০টি মডেল মসজিদের সাথে চুয়াডাঙ্গা জেলা শহরের পানি উন্নয়ন বোর্ড চত্বরের এ মসজিদটি উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী । বৃহস্পতিবার বেলা ১১টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলার সরকারি পদস্থ কর্মকর্তা, রাজনীতিক,সুশীল সমাজের প্রতিনিধি সহ এলাকার মুসল্লীদের উপস্থিতিতে এটি উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার মো:জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মনিরা পারভীন, সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ সাদিকুর রহমান,চুয়াডাঙ্গা ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এবিএম রবিউল ইসলাম,জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান প্রমুখ।

সরকারী অর্থায়নে সারা বাংলাদেশে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র নির্মীত হচ্ছে তার মধ্যে চুয়াডাঙ্গার ১টি। চারতলা বিশিষ্ট এ মডেল মসজিদটি নির্মাণে ব্যয় হয়েছে ১৪ কোটি ১৪ লাখ টাকা। আগামীকাল শুক্রবার থেকে এ মসজিদে জুম্মার নামাজের মাধ্যমে এ মসজিদের কার্যক্রম শুরু হবে।

দামুড়হুদায় ভ্রাম্যমান আদালতের অভিযানে জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার বিভিন্ন জায়গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা কর হয়েছে । জানা গেছে, গতকাল বুধবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান দামুড়হুদ বাজার ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ রোধে চলমান লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান দামুড়হুদার সদরে বাসস্ট্যান্ডও বাজারে জয়রামপুর মুক্তারপুর, কার্পাসডাঙ্গা, ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

এ সময় গণপরিবহনে অতিরিক্ত ভাড়া আদায় ও মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে বিভিন্ন জনের নিকট থেকে ৩,৪০০টাকা জরিমানা আদায় করেন, এসময় তিনি মাক্স ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেন, ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা কালে উপজেলা নির্বাহী

অফিসার দিলারা রহমান। এসময় তিনি বলেন, দামুড়হুদা উপজেলা সীমান্তবর্তী এলাকাগুলোতে, ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ, কয়েকদিনের ব্যবধানে আট জনের মৃত্যু হয়েছে, আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল, সাধারণত এসময় করোনার সংক্রমণ হার বেড়েই চলেছে, হাসপাতালগুলোয় ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন। করোনার দ্বিতীয় ঢেউ ঠাকাতে এই নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি।

আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। এলাকায় নতুন করে যাতে আক্রান্ত না হয়, আমাদের সবাই কে সজাগ থাকবে হবে তিনি আরো বলেন, সব ধরনের অফিসে কর্মচারী থেকে কর্মকর্তাদের মধ্যে মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। বাইরে চলাচলে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে কঠোর হবে প্রশাসন। সর্বোচ্চ সতর্কতা নিতে হবে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না । নিজে ও পরিবার সুস্থ রাখতে সরকারের দেওয়া সকল নির্দেশনা মেনে চলুন। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করেন আদালত পরিচালনার কাজে সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলী, দামুড়হুদার মডেল থানার এসআই শেখ তৌহিদুর রহমান প্রমুখ।

ঝিনাইদহে কিন্ডারগার্টেন এসোসিয়েশন এর আয়োজনে প্রতিকি অনশন

ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে সকাল ১০ টায় বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন এর আয়োজনে সারা বাংলাদেশে একযোগে প্রতীকী অনশন করে। ক্ষতিগ্রস্ত কিন্ডারগার্টেন স্কুলের জন্য নতুন বাজেটে আর্থিক বরাদ্দ এবং সরকার ঘোষিত ১৩ জুন শিক্ষা প্রতিষ্ঠান খোলার ঘোষণা বহাল রাখার দাবিতে ঝিনাইদহ জেলার সকল কিন্ডারগার্টেন এর শিক্ষক কর্মচারী প্রতীকী অনশন করে।
অনশনে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা কিন্ডারগার্টেন এসোসিয়েশন এর সভাপতি গোলাম মোস্তফা চঞ্চল, সহ সভাপতি শাহিনুর আলম

লিটন,সাধারণ সম্পাদক বজলুর রহমান, অর্থ সম্পাদক আরেফিন অনু সহ মর্নিংবেল একাডেমি, চারুগৃহ শিশুস্বর্গ প্রি স্কুল,এজে ইন্টারন্যাশনাল স্কুল, নবগংগা একাডেমি, টুডেস একাডেমি, ইডেন একাডেমি সহ অন্যান্য কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষক শিক্ষিকাগণ। মাননীয় প্রধানমন্ত্রীর কাছে তাদের আবেদন অবহেলিত, অসহায় অবস্থার মধ্যে দিনযাপন করা কিন্ডারগার্টেন এর দিকে সদয় দৃষ্টি দিয়ে তাদের অর্থিক প্রণোদনার ব্যবস্থা সহ ১৩ জুনের পর সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে কোমলমতি শিক্ষার্থীদের মানসিক প্রতিবন্ধী হওয়া থেকে রক্ষা করা।

দর্শনা ইয়ূথ এসেম্বালীর উদ্যোগে সচেতনতামূলক প্রচারণা ও মাস্ক বিতরণ এবং গাছ রোপণ

দামুড়হুদা উপজেলার করোনা ভারতীয় ভেরিয়েন্ট প্রতিরোধে দর্শনা ইয়ূথ এসেম্বালীর উদ্যোগে সচেতনতামুলোক প্রচারণা ও স্বাস্থ্যসম্মত মাক্র বিতরণ এবং গাছ লাগানো হয়।
গতকাল সকাল ১১টায় দর্শনা মাথাভাঙ্গা নদীর তীরে পৌর পার্কে কৃষ্ণচুড়া, দেবদারু, জাম, তেতুল গাছসহ বিভিন্ন প্রজাতির গাছ লাগানো হয়েয়ে।
এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নিবার্হী কর্মকতার্ দিলারা রহমান, ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী আব্দুস সালাম, মাহাব্বুর রহমান মুকুল, সিনিয়ার প্রোগ্রাম অফিসার ইসরাইল হোসেন খান টিটু, মিরাজ উদ্দিন ও প্রোগ্রাম অফিসার পিংকি মন্ডল। এছাড়া ইয়ূত গ্রুরুপের সভাপতি সংগ্রাম হোসেন, সাধারণ সম্পাদক তুলি। সদস্য কাওছার আলী, জামিল হোসেন,বাবু প্রমুখ।

দর্শনা পারকৃষ্ণপুর-মদনা

ইউনিয়নে কর্মহীনদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

কোভিড-১৯ করোনা ভারতীয় ভেরিয়েন্ট প্রতিরোধে জন-সাধারনের চলাচল সীমিত করতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের আয়োজনে কর্মহীনদের মাঝে খাদ্য সামগ্রী, মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে।
সামাজিক দুরুত্ব বজায় রেখে পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামার পাড়া মাধ্যমিক বিদ্যালয়ে ১৮৫ জন ও বড়বলদিয়া স্কুল এ্যান্ড কলেজ মাঠে ১১৫ জন মোট ৩০১ জনের মধ্যে ১০ কেজি চাউল ১ কেজি লবন, ১ কেজি পিয়াজ, ১ কেজি ডাল ১ কেজি চিনি ও ২ কেজি আলু উপহার প্রদান করা হয়।
চায়ের দোকানে জন-সমাগম বন্ধ রাখতে চা-বিক্রেতাদের মধ্যে এসব খাদ্য উপহার বিতরণ করা হয়। এসব খাদ্য উপহার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা নিবার্হী অফিসার দিলারা রহমান,পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছেযারম্যান এস এ এম জাকারিয়া আলম, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুনতাজ আলী, কামার পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমানসহ পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পষিদের সকল মেম্বরগণসহ, ছাত্রলীগ, যুবলীগের নেত্রীবৃন্দ।

আলমডাঙ্গায় প্রেমের প্রস্তাব না মানায় স্কুলছাত্রীকে অপহরণ

আলমডাঙ্গার ফরিদপুর জোরপূর্বক স্কুল ছাত্রীকে অপহরণ করে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত সোমবার রাতে ওই স্কুল ছাত্রীকে পূর্ণরায় তার নিজ ঘরে ঢুকে আবারো ধর্ষণের ঘটনায় আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে।

গতকাল মঙ্গলবার স্কুলছাত্রীর পিতা বাদি হয়ে এ মামলা দায়ের করে। ধর্ষক আশরাফুল হক নয়ন (২৮) নওদাবন্ডবিল গ্রামের আনজের আলির ছেলে। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামের আশরাফুল হকের মেয়ে এম সবেদ আলি স্কুলের ৮ম শ্রেণীর ছাত্রী।

বর্তমানে করোনাকালিন সময়ে স্কুল বন্ধ। স্কুল খোলা থাকাকালীন সময়ে কুমারি ইউনিয়নের নওদাবন্ডবিল গ্রামের আনজের আলির ছেলে আশরাফুল হক নয়ন। স্কুল ছাত্রী এম সবেদ আলি স্কুলে যাওয়ার পথে বিভিন্ন সময় তাকে উত্যক্ত করতো।

এছাড়া স্কুল ছাত্রীকে প্রেম নিবেদন করলে সে রাজি না হলে তাকে তুলে নিয়ে যাবার হুমকি প্রদান করতো। এ ঘটনাটি স্কুল ছাত্রী তার পরিবারের লোকজনকে জানায়। স্কুল ছাত্রীর বাবা ওই ছেলেকে তার মেয়েকে বিরক্ত করতে নিষেধ করলেও সে কোন কথা মানে না। গত ৩ জুন স্কুল ছাত্রী ভ্যান যোগে ডামোশ গ্রামে আত্নীয়র বাড়িতে যাচ্ছিলো। এসময় স্কুল ছাত্রী এরশাদপুর ব্রিজের নিকট পৌছালে প্রেমিক আশরাফুল হক নয়ন ওই গাড়ি গতিরোধ করে।

জোরপূর্বক মোটরসাইকেল তুলে পৌর এলাকার আনন্দধামের সোহেলের বাড়িতে আটকে রাখে। তাকে বিভিন্ন সময় একাধিকবার জোরপূর্বক ধর্ষণ করে। গত ৭জুন সোমবার রাত ৮ টার দিকে ওই স্কুল ছাত্রী আনন্দধামের সোহেলের বাড়ি থেকে পালিয়ে ফরিদপুর তার বাবার বাড়ি চলে আসে। এছাড়াও, স্কুলছাত্রীর পিছু নিয়ে গত ৭জুন সোমবার রাতে কৌশলে ওই স্কুল ছাত্রীর শোবার ঘরে আবারো জোরপূর্বক ধর্ষণ করে। স্কুল ছাত্রী চিৎকার দিলে এলাকার লোকজন ছুটে আসলে আশরাফুল হক নয়ন পালিয়ে যায়। এ ঘটনায় স্কুল ছাত্রীর পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে অপহরণ ও ধর্ষণ মামলা দায়ের করেন।

বেগমপুরের পারঘাটায় পুলিশের উপস্থিতিতে রক্তক্ষয়ী সংঘর্ষ! মুক্তিযোদ্ধাসহ আহত-৬

বেগমপুরের যদুপুর-পারঘাটায় পুলিশের উপস্থিতিতে জমিজমা মাফযোগের সময় রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনা ঘটেছে। প্রতিপক্ষের হামলায় মুক্তিযোদ্ধাসহ ৬ জন আহত হয়েছে। আহতদেরকে উর্দ্ধার করে বিভিন্ন চিকিৎসা কেন্দ্রে নেয়া হয়েছে। এ ঘটনায় পুলিশ উভয়পক্ষের ২ জনকে

গ্রেফতার করেছে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের যদুপুর-পারঘাটা গ্রামের হযরত আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা সিদ্দিক আলী (বর্তমানে কুষ্টিয়ায় বসবাসরত) ও আজিজ খন্দকারের ছেলে আব্দুস সামাদের মধ্যে জমিজমার মাপযোগ নিয়ে এক বছর ধরে বিরোধ চলে আসছিলো।

সোমবার বেলা সাড়ে ১১টার দিকে বেগমপুর ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই আসলাম পারভেজের উপস্থিতিতে বিরোধপূর্ণ ওই জমি মাপযোগ করা হয়। মাপযোগে শেষে আমিন খাতাকলে হিসাব নিকাশের করছিলেন। এসময় আব্দুস সামাদ (৬৫) তার দু’ছেলে রকিব (২৭) ও আকিব (২৫) কোন কিছু বুঝে ওঠার আগেই লাঠিসোটা নিয়ে বীর মুক্তিযোদ্ধা সিদ্দিক আলী
(৭০) ও তার দু’ছেলে আব্বাচ আলী (৪৫), রফিকুল ইসলামকে (৩৫) পিটিয়ে রক্তাক্ত জখম করে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, কিছুক্ষণের মধ্যে বেগমপুর ক্যাম্প থেকে পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌছে লাটিচার্জ করে। এতে আব্দুস সামাদ ও তার দু’ছেলে রকিব এবং আকিব আহত হয়। আহতদের উদ্ধার করে বিভিন্ন চিকিৎসা কেন্দ্র নেয়া হয়। এঘটনায় পুলিশ আব্দুস সামাদ ও আব্বাচকে গ্রেফতার করেছে। বেগমপুর ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই আসলাম পারভেজ বলেন, পুলিশের উপস্থিতিতেই মারামারি মেনে নেয়া যায় না। বাধ্য হয়ে পুলিশ লাঠিচার্জ করেছে।

আলমডাঙ্গার হাটবোয়ালিয়া বাসস্ট্যান্ডের স্ট্যাটারকে তুচ্ছ ঘটনায় বেদম মারপিট

আলমডাঙ্গার হাটবোয়ালিয়া বাস স্ট্যান্ডের স্টাটারকে তুচ্ছ ঘটনায় বেদম মারপিট করে আহত করা হয়েছে। সোমবার দুপুরের দিকে বড় বোয়ালিয়ার ৪ যুবক কাটাম পেটা করে তাকে আহত করে।

এ ব্যাপারে স্থানীয় লোকজন ভয়ে ওই যুবকদের কিছু বলার সাহস করেনি।

জানা গেছে, আলমডাঙ্গার হাটবোয়ালিয়া বাস স্ট্যান্ডে বেলা সাড়ে ১২টার একটি বাস এসে দাড়ায়। এ সময় বাসের সামনে আটো এসে পড়লে স্ট্যান্ডের স্ট্যাটার হাটবোয়ালিয়া গ্রামের ছানোয়ার হোসেনের ছেলে ডাবলুরর সাথে অটো চালক তর্কে লিপ্ত হয়।

এক পর্যায়ে সে বাড়ি চলে যায়। পরে বড় বোয়ালিয়ার রুবেল, বিকাশ, সাইদুল ও সোহেলকে ডেকে আনে। ওই ৪ যুবক বাটাম পেটা করে স্ট্যাটার ডাবলুকে মারাত্মক আহত করে। স্থানীয় লোকজন ওই ৪ যুবকের ভয়ে কেউ এগিয়ে আসার সাহস করেনি।

আলমডাঙ্গা পৌরসভার ৩ প্যানেল মেয়র নির্বাচিত

আলমডাঙ্গা পৌরসভার ৩ প্যানেল প্যানেল মেয়র নিবার্চন অনুষ্টিত হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে ১০ দিকে পৌর মেয়রের অফিস কক্ষে এ সংক্রান্ত বিষয়ে বিশেষ সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা পৌরসভার মেয়র হাসান কাদির গনুর সভাপত্তিত্বে অনুষ্টিত এ সভায় সকল কাউন্সিলরগণের উপস্থিতিতে সর্বসম্মতিক্রমে ২ নং ওয়ার্ড কাউন্সিলর খন্দকার মজিবুল ইসলামকে প্যানেল মেয়র-১, ৩ নং ওয়ার্ড কাউন্সিলর মোঃ জহুরুল ইসলাম স্বপনকে প্যানেল মেয়র-২ ও ৩নং ওয়ার্ড সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর মনোয়ারা খাতুন’কে প্যানেল মেয়র-০৩ নিবার্চিত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কাউন্সিলর সদরউদ্দিন ভোলা, আলাল উদ্দিন, আব্দুল গাফ্ফার,বাপ্পি, এস এম বাবু, সাইফুল ইসলাম, আবু ডালিম হোসেন প্রমুখ। মেয়র হাসান কাদির গনু প্যানেল মেয়রদের অভিনন্দন জানিয়েছেন। এছাড়াও পৌর সভা কর্মচারি ইউনিয়নের পক্ষ থেকেও প্যানেল মেয়র দের অভিনন্দন জানানো হয়েছে।